

**AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin**

Date: 17.10.2024

Time: 7.50 P.M

বিশেষ বিশেষ খবর -

- ১) নদীয়ার কৃষ্ণনগরে ছাত্রী খুনের তদন্তে গঠন করা হয়েছে সিট। মেয়েটির পরিবারের পক্ষ থেকে অবশ্য সিবিআই তদন্তের দাবি জানানো হয়েছে। এই ঘটনায় ধূত রাহুল বসুকে আদালত ৭ দিনের পুলিশ হেফাজতে পাঠিয়েছে।

২) আর জি কর ইস্যুতে আন্দোলনরত জুনিয়ার চিকিৎসকেরা ভবিষ্যত কর্মপন্থা স্থির করতে সিনিয়ার চিকিৎসকদের সঙ্গে আলোচনায় বসছে। অনশন কর্মসূচীর অয়োদশ দিনে হাসপাতাল থেকে আজ ছাড়া পেয়েছেন অনিকেত মাহাতো।

৩) দীর্ঘ আইনী জটিলতা কাটিয়ে রাজ্য সরকার সব সরকারী সাহায্যপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়ের স্থায়ী উপাচার্য নিয়োগের প্রক্রিয়া আগামীকাল শুরু করতে চলেছে।

৪) বাংলা অনূর্দ্ধ-১৯, ভিন্ন মানকার ট্রফি ক্রিকেটের কোয়ার্টার ফাইনালে। আগামীকাল তারা রঞ্জি ট্রফি ক্রিকেট ম্যাচে বিহারের মুখোমুখি হবে।

নদীয়ার কৃষ্ণনগরে ছাত্রী খুনের তদন্তে সিট গঠন করা হয়েছে বলে এডিজি দক্ষিণ বঙ্গ সুপ্রতিম সরকার জানিয়েছেন। তিনি আজ কৃষ্ণনগরের সাংবাদিকদের মুখোমুখি হয়ে জানান, মৃত্যুর সঠিক কারণ কি তা ময়না তদন্তের পূর্ণাঙ্গ রিপোর্ট না পাওয়া পর্যন্ত বলা সম্ভব নয়। সাহায্য নেওয়া হচ্ছে সি আই ডি-রও। জেলা পুলিশ সুপার অমরনাথ কে বলেন পরিবারের সব দাবী মেনেই, ময়নাতদন্ত হয়েছে।

(বাইট- অমরনাথ)

আগেই জানানো হয়েছে, মৃতার পরিবারের দাবি অনুযায়ী দেহটি কল্যাণী কলেজ অব মেডিসিন এন্ড জে এন এম হাসপাতালে ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে ময়না তদন্ত করা হয়। গোটা প্রক্রিয়ার ভিডিওগ্রাফিও করা হয়েছে। ময়নাতদন্তকারী চিকিৎসক চিকিৎসক জানিয়েছেন, দেহে অ্যান্ট মর্টাম বার্ন রয়েছে। যার অর্থ অ্যাসিড নয়, আগুনে পোড়ানো হয়েছে দেহ। কল্যাণী থেকে বিকেল ৫ টা নাগাদ দেহ শক্তিনগর হাসপাতালে নিয়ে এসে পরিবারের হাতে তা তুলে দেওয়া হয়। সেখান থেকে নিয়ে যাওয়া হয় শেষকৃত্যের জন্য। পোস্টমর্টেম চলাকালীন মর্গের সামনে বিজেপি ও সিপিআইএম বিক্ষেপ প্রদর্শন করে। সন্ধ্যায় কৃষ্ণনগরে এস ইউ সি আই এর পক্ষ থেকে মিছিল বের করা হয়।

মেয়েটির পরিবারের পক্ষ থেকে সিবিআই তদন্তের দাবি জানানো হয়েছে। আগামীকাল ফরেনিক দল কৃষ্ণনগর যাচ্ছে।

আজ দুপুরে এডিজি দক্ষিণবঙ্গ সুপ্রতিম সরকার, ডিআইজি সিআইডি সোমা দাস ও মুর্শিদাবাদ রেঞ্জের ডিআইজি ওয়াকার রাজা ঘটনাস্থল পরিদর্শন করেন।

এদিকে, মৃতার পূর্ব পরিচিত ধৃত রাহুল বসুকে আজ আদালতে তোলা হয়। তাকে সাত দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

পুরুলিয়ার বরাবাজারে কুমারী নদীর পাড় থেকে এক ঘুবতীর দেহ উদ্ধারের ২৪ ঘন্টা কাটতে না কাটতেই মানবাজার মহকুমা এলাকার মানবাজার ও বোরো থানার সংযোগ স্থল দোলদেড়িয়ায় ঐ নদী থেকেই উদ্ধার হলো। অজ্ঞাত পরিচয় মহিলার পচাগলা মৃতদেহ। দেহটি জলে ভাসতে দেখে স্থানীয়রা পুলিশে খবর দেন। পৌঁছায় মানবাজার এসডিপিও সহ শীর্ষ পুলিশ আধিকারিক। দুটি ঘটনার যোগ রয়েছে কিনা পুলিশ তা খতিয়ে দেখছে। শুরু হয়েছে তদন্ত।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর ইস্যুতে আন্দোলনরত জুনিয়ার চিকিৎসকেরা তাদের ভবিষ্যৎ কর্মপন্থার রূপরেখা স্থির করতে সিনিয়ার চিকিৎসকদের সঙ্গে আলোচনায় বসছে। ওয়েস্ট বেঙ্গল জুনিয়ার ডট্টস ফ্রন্ট WBJDF-এর পক্ষ থেকে সিনিয়ার চিকিৎসকদের একাধিক সংগঠনকে আলোচনায় বসার আমন্ত্রণ জানিয়ে ই-মেল পাঠানো হয়েছে। আজই এই অন লাইন বৈঠক হওয়ার সম্ভাবনা। আন্দোলনরত চিকিৎসকেরা আরও কিছু কর্মসূচী গ্রহণ করেছেন। এক জুনিয়ার চিকিৎসক জানালেন,

(বাইট)

এদিকে, ১০ দফা দাবিতে ধর্মতলায় জুনিয়ার চিকিৎসকদের আমরণ অনশন কর্মসূচীর আজ ত্রয়োদশ দিন। ধর্মতলায় ৭ জন এবং উত্তরবঙ্গ মেডিকেল কলেজে ১ জন চিকিৎসক অনশন করছেন। ধর্মতলায় অনশন মধ্যে আছেন অর্নব মুখোপাধ্যায়, স্নিঞ্চা হাজরা, সায়ন্তনী ঘোষ হাজরা, পরিচয় পাণ্ডা, আলোলিকা ঘডুই, রংমেনিকা কুমার, স্পন্দন চৌধুরী।

উত্তরবঙ্গে অনশন চালিয়ে যাওয়া সন্দীপ মন্ডলের রক্তচাপ ঠিক থাকলেও অন্য সমস্যা দেখা যাচ্ছে। অন্যদিকে, অসুস্থ হয়ে পড়া সৌভিক বন্দ্যোপাধ্যায়ের শারীরিক পরিস্থিতির অনেকটাই উন্নতি হয়েছে।

অনশন চলাকালীন অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি আরও চার চিকিৎসক।

টানা অনশন করতে গিয়ে অসুস্থ হয়ে পড়া অনিকেত মাহাতো অবশ্য আজ হাসপাতাল থেকে ছাড়া পেয়েছেন। গত বৃহস্পতিবার রাতে আর জি কর হাস্পাতালেই ভর্তি করা হয় ওই হাসপাতালের জুনিয়র চিকিৎসক অনিকেতকে। তাঁর শারিরিক অবস্থার এখন স্থিতিশীল বলে জানা গেছে। ছাড়া পাওয়ার পর অনিকেত সাংবাদিকদের বলেন –

(বাইট - অনিকেত)

অন্যদিকে, আর জি কর-এ জুনিয়ার ডাক্তারদের সমর্থনে ৩৬ ঘণ্টা অনশন করছেন, লক্ষ্মী-এর কিং জর্জ মেডিকেল কলেজের দুই চিকিৎসকও।

আর জি কর-এর ঘটনায় ধূত ওই মেডিকেল কলেজের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ তার মামলা লড়ার টাকা জোগাড় করার জন্য আদালতের দ্বারাস্থ হয়েছেন। ব্যাক্ত থেকে ২০ লক্ষ টাকা তুলতে চেয়ে একাধিক স্থায়ী আমানত ভাঙ্গানোর জন্য কলকাতা হাইকোর্টে মামলা দায়ের করেছেন তিনি। বিচারপতি বিভাষ পট্টনায়েকের বেঁথে আগামীকাল এই মামলার শুনানি হতে পারে।

সুত্রের খবর যে রাষ্ট্রীয়ত্ব ব্যাক্তে সন্দীপের স্থায়ী আমানত রয়েছে, সেখানে তার স্বাক্ষরের অথেন্টিকেশন বা প্রামান্যতা নিয়ে প্রশ্ন উঠেছে। আর তার থেকেই দেখা দিয়েছে এই সমস্যা।

উল্লেখ্য, গত ৯-ই আগস্ট আর জি কর-এর তরুণী চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনার পর সিবিআই ওই হাসপাতালের আর্থিক দুর্নীতির অভিযোগে সন্দীপকে গ্রেফতার করে। পরে ওই খুন ও ধর্ষণের ঘটনায় তথ্য প্রমাণ লোপাটের অভিযোগেও তাকে গ্রেফতার করা হয়। বর্তমানে তিনি প্রেসিডেন্সি জেলে বন্দী।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর কাণ্ডে দ্রুত ও স্বচ্ছ তদন্তের দাবিতে জাগো নারী নামে এক মহিলা সংগঠন আজ সল্টলেকের সিবিআই দপ্তর CGO কমপ্লেক্স অভিযান করে। আর কতদিন সময় চাই জবাব দাও প্রতিবাদীরা ওই জ্বোগান দিতে থাকেন CGO কমপ্লেক্সের সামনে। কতদিন এই তদন্ত চলবে তাও প্রশ্ন তোলেন তারা। মিছিল করুণাময়ী থেকে

সিজিও কমপ্লেক্স পর্যন্ত যায়। প্রতিবাদীরা সিজিও কমপ্লেক্সের ভিতরে ঢুকতে গেলে তাদের ঢুকতে বাধা দেওয়া হয়। ঘটনায় মহিলা পুলিশের সঙ্গে প্রতিবাদীদের বচসা বাধে। পরে জাগো নারী নামে ওই মহিলা সংগঠনের পাঁচ জন প্রতিনিধি সিজিও কমপ্লেক্সের ভিতরে গিয়ে তাদের দাবি-দাওয়া সম্বলিত স্মারকলিপি জমা দেন বলে জানা গেছে।

এদিকে এই ঘটনার প্রেক্ষিতে তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বলেছেন, শুধুমাত্র বিশৃঙ্খলা, অরাজকতা তৈরীর করার লক্ষ্য নিয়েই এ ধরনের কাজ করা হচ্ছে।

অন্যদিকে আর জি কর এর ঘটনা এবং গত বছর র্যাগিং কান্ডে বিশ্ববিদ্যালয়ের এক ছাত্র র মৃত্যুর ঘটনার বিচার সহ মোট সাত দফা দাবিতে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছাত্রী, গবেষক, প্রাক্তনী, অধ্যাপক সহ কর্মচারীরা আজ সন্ধ্যা থেকে প্রতিবাদে সামিল হয়েছেন। জে ইউ ফর জাস্টিস নামে নতুন একটি সংগঠন তৈরি করে সাধারণ মানুষকেও এই প্রতিবাদে সামিল করার আবেদন জানানো হয়েছে। সংগঠনের তরফে আজ এক প্রেস বিবৃতিতে আর জি কর কান্ডের প্রতিবাদে জুনিয়র চিকিৎসকদের দাবিগুলিকে সমর্থন জানিয়ে পুলিশ ও রাজ্য সরকার ক্ষমতার অপব্যবহার করছে বলে উল্লেখ করা হয়েছে। যতদিন না তাদের দাবি পূরন হচ্ছে ততদিন বিশ্ববিদ্যালয়ের চার নম্বর গেটের সামনে তাদের এই ধর্ণী কর্মসূচী চলবে বলে জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

দীর্ঘ আইনি জটিলতা কাটিয়ে সুপ্রীম কোর্টের নির্দেশ মেনে রাজ্য সরকার সব সরকারি সাহায্যপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়ে স্থায়ী উপাচার্য নিয়োগ করতে চলেছে।

এই নিয়োগ প্রক্রিয়া আগামীকাল শুরু হবে বলে উচ্চশিক্ষা দপ্তর সূত্রে জানা গিয়েছে। কলকাতা বিশ্ববিদ্যালয় ছাড়াও জেলার দুটি বিশ্ববিদ্যালয়ে আগামীকাল স্থায়ী উপাচার্য নিয়োগের কথা।

উল্লেখ্য উপাচার্য নিয়োগের জন্যে যে আড়াই হাজারের মত আবেদন জমা পড়েছিল তার মধ্যে ৫০০ জনকে বেছে নেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০

পূর্ণিমা থাকায় গতকালের পর আজও বাংলার ঘরে ঘরে কোজাগরী লক্ষ্মীপুজো অনুষ্ঠিত হয়। সন্ধ্যের পর পূর্ণিমা তিথি পড়ায় অনেক বাড়িতেই গতকাল গভীর রাত পর্যন্ত পুজো চলে। আজ বিকেল ৫ টা ১৭ মিনিট পর্যন্ত পূর্ণিমা তিথি থাকায় দিনভর চলে পুজো।

০০০০০০০০০০০০০০০০০০০

বীরভূমের মুরারইয়ে তৃণমূল কংগ্রেসের বিজয়া সম্মেলনী অনুষ্ঠানে দলীয় কর্মী সমর্থকদের মধ্যে ঝামেলা বাঁধে। অনুষ্ঠানে পাস্তি ছিলেন বোলপুরের বিধায়ক তথা রাজ্যের মন্ত্রী চন্দ্রনাথ সিংহ, সিউড়ির তৃণমূল বিধায়ক বিকাশ রায় চৌধুরী, কোর কমিটির অন্যতম সদস্য সুদীপ্ত ঘোষ সহ সদ্য জেল থেকে মুক্তিপ্রাপ্ত অনুরূপ মণ্ডল। তবে সভায় দেখা যায়নি কোর কমিটির তিন গুরুত্বপূর্ণ সদস্য কাজল সেখ, অভিজিৎ সিংহ আর আশিস ব্যানার্জিকে। অনুষ্ঠান শুরু হতেই বাঁধে বিশ্রঙ্খলা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা ও দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় মাঝে মধ্যেই বিক্ষিপ্ত বৃষ্টি হচ্ছে। আকাশও আংশিক মেঘাচ্ছন্ন। তবে, আগামী ২-৩ দিন দক্ষিণ ও উত্তরবঙ্গের আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে বলে আলিপুর আবহাওয়া দফতর সূত্রে জানা গেছে। মাঝে মধ্যে কোন কোন জায়গায় ২-১ পশলা হাঙ্কা বৃষ্টি হতে পারে।

এদিকে, উত্তর আন্দামান সাগরের ওপর রবিবার ২০ তারিখ নাগাদ একটি ঘূর্ণবর্ত তৈরি হওয়ার সম্ভাবনা। মঙ্গলবার ২২ তারিখ নাগাদ সেটি নিম্নচাপে পরিণত হতে পারে বলে আলিপুর আবহাওয়া দফতরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত জানিয়েছেন।

(বাইট - সোমনাথ)

কলকাতায় আজ বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত গত ২৪ ঘণ্টায় বৃষ্টি হয়েছে ৩৫ দশমিক ৮ মিলিমিটার। বৃষ্টিতে তাপমাত্রা সামান্য কিছুটা কমেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বাংলা অনূর্ধ্ব ১৯ ভিন্ন মানকদ ট্রফি ক্রিকেটের কোয়ার্টার ফাইনালে উঠেছে। রাজকোটে আজ বাংলা ৫০ রানে মধ্য প্রদেশকে হারিয়ে দেয়। বাংলা প্রথমে ব্যাট করে ৯ উইকেটে ২২৭ রান তোলে। অগ্নিশ্চর দাস ৮৭ রান করেছে। মধ্য প্রদেশের ইনিংস ৩৭ ওভার তিনি বলে ১৭৭ রানে শেষ হয়ে যায়। রবিবার কোয়ার্টার ফাইনালে বাংলা, মহারাষ্ট্রের বিরুদ্ধে খেলবে।

০০০০০০০০০০০০০০০০০০০

বাংলা, আগামীকাল রঞ্জি ট্রফি ক্রিকেটের ম্যাচে বিহারের মুখোমুখি হবে। কল্যানীর বেঙ্গল ক্রিকেট একাডেমি গ্রাউন্ডে খেলা শুরু হবে সকাল সাড়ে ৯টায়। উত্তরপ্রদেশের বিরুদ্ধে বাংলার এবারের রঞ্জির প্রথম ম্যাচটি অমীমাংসিত ভাবে শেষ হয়। প্রথম ইনিংসে এগিয়ে থাকার সুবাদে বাংলা তিনি পয়েন্ট সংগ্রহ করেছে।

০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০